

3 (Sem-5/CBCS) BEN HC 1

2021

(Held in 2022)

BENGALI

Paper : BEN-HC-5016

(Honours Core)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। বিকল্প সমন্বিত প্রশ্নের শুদ্ধ উত্তরটি নির্বাচন করো : $1 \times 10 = 10$

(ক) কবি ফিরে আসার সময় বনের মধ্যে কী ফল পেয়েছিলেন?

(আঙুর / নাসপাতি / আপেল / আম)

(খ) “.... বেতের ফলের মতো তার _____ চোখ মনে আসে;”
শূন্যস্থানের শব্দটি হল —

(স্নিগ্ধ / স্নান / মৃত / সুন্দর)

(গ) কবি দিনেশ দাস ‘এ-যুগের চাঁদ’ বলতে কোন্ জিনিসকে বুঝিয়েছেন?

(কোদাল / ধানের শীষ / কাস্তে / লাঙ্গল)

(ঘ) “একাকী আসিতে হ’লো—সাহসিকা অঙ্গরার মতো।”

‘সাহসিকা অঙ্গরা’ বলতে কাকে বোঝানো হয়েছে?

(চম্পা / উবশী / মেনকা / চাঁদ)

(ঙ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'রজনী' উপন্যাসের খণ্ড সংখ্যা হল
(পাঁচ / ছয় / সাত / আট)

(চ) 'রজনী' উপন্যাসে চম্পকলতার স্বামীর নাম হল
(হীরালাল / গোপাল বসু / রাজচন্দ্র দাস /
বিশ্বুরাম)

(ছ) "আমি রজনীর বিবাহের সকল উদ্যোগ করিয়াছিলাম।"
এখানে 'আমি' হলেন
(রামসদয় মিত্র / হরেকৃষ্ণ দাস / শচীন্দ্র /
রাজচন্দ্র দাস)

(জ) দীনেশচন্দ্র সেনের মতে 'বিদ্যাসুন্দর' কাব্যের রচয়িতা
কবি কঙ্ক ছিলেন
(চৈতন্য-পূর্ববর্তী কালের / চৈতন্যকালের /
চৈতন্য-পরবর্তী কালের / উনিশ শতকের)

(ঝ) বঙ্গভঙ্গের সময় মেয়েদের কাচের চুড়ি বর্জন করার পর যে
স্বদেশী পণ্য দেখা দিয়েছিল সেটি হল
(আলুর চুড়ি / লোহার চুড়ি / সোনার চুড়ি /
তামার চুড়ি)

(ঞ) রাজশেখর বসুর উল্লেখমতে কোন্ পোকার প্রদীপে পোড়া
ধোঁয়া বিযুক্ত?
(জোনাকী পোকা / কার্টুই পোকা / গুবরে পোকা /
লেদা পোকা)

২। সংক্ষেপে উত্তর দাও : $২ \times ৫ = ১০$

(ক) "আকুল ঘ্রাণে নিইনি তাহার
শীতল পরিমল।"
কবি কীসের 'শীতল পরিমল' নেননি এবং কেন নেননি?

(খ) "কাজেই দুর্বলতর মোরগের খাবার গেল বন্ধ হ'য়ে।"
মোরগের খাবার বন্ধ হওয়ার কারণ লেখো।

(গ) শচীন্দ্রনাথের পিতার নাম কী? তার পূর্বপুরুষের বাসস্থান
কোথায় ছিল?

(ঘ) অমরনাথের সঙ্গে কার বিবাহের সম্বন্ধ হয়েছিল? সেই
বিবাহ ভেঙে যাওয়ার কারণ কী?

(ঙ) সেলিউলয়েড কী? 'অপবিজ্ঞান' প্রবন্ধে এটির ব্যবহার
সম্পর্কে প্রাবন্ধিক যা বলেছেন লেখো।

৩। উত্তর দাও (যে কোনো চারটি) : $৫ \times ৪ = ২০$

(ক) জসীমউদ্দীনের 'রাখালী' কবিতা অবলম্বনে সাঁঝের বেলা
জল ভরতে যাওয়া মেয়েটিকে দেখে চাষার ছেলের মনে
যে ভাবনার উদয় হয়েছিল সে সম্পর্কে আলোচনা করো।

(খ) "উগ্র মদ্য-সম রৌদ্র,—যার তেজে বিশ্ব মুহমান,—
বিধাতার আশীর্বাদে আমি তা সহজে পান করি।"
এখানে কার কথা বলা হয়েছে? প্রসঙ্গক্রমে উদ্ধৃতাংশটি
বিশদ করো।

(গ) বাঞ্ছুরাম মিত্রের পরিচয় দাও।

(ঘ) রজনীর প্রকৃত পরিচয় উদ্ঘাটনে হরেকৃষ্ণ দাসের
জবানবন্দীর গুরুত্ব সম্পর্কে লেখো।

(ঙ) নিয়তিবাদ সম্পর্কে রাজশেখর বসুর মতামত বুঝিয়ে
লেখো।

(চ) ".....কতকগুলি ধর্মপ্রসঙ্গের সীমাবন্ধনীতে বঙ্গীয়
কবিগণের প্রতিভা আবদ্ধ ছিল।" দীনেশচন্দ্র সেন
'প্রাচীন বঙ্গসাহিত্যের বিশেষ লক্ষণ' প্রবন্ধে তাঁর এই
মন্তব্যটিকে যেভাবে বিশদ করেছেন সে সম্পর্কে লেখো।

- ৪। (ক) 'একটি মোরগের কাহিনী' কবিতায় কবি সুকান্ত ভট্টাচার্য যে মোরগের কাহিনী বর্ণনা করেছেন সে সম্পর্কে লেখো। প্রসঙ্গক্রমে কবিতাটিতে মোরগ কীসের প্রতীক হয়ে উঠেছে সে বিষয়ে যথাযথ আলোচনা করো। ৬+৪=১০

অথবা

- (খ) 'আত্মবিলাপ' কবিতা অবলম্বনে কবির বিলাপের কারণ সম্পর্কে লেখো। ১০

- ৫। (ক) 'রজনী' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

অথবা

- (খ) 'রজনী' উপন্যাসের অমরনাথ চরিত্রের বিশেষত্ব আলোচনা করো।

- ৬। (ক) রোকেয়া সাখাওয়াত হোসেন তাঁর 'স্ত্রীজাতির অবনতি' প্রবন্ধে নারীজাতির অবনতির কারণ সম্পর্কে যে অভিমত ব্যক্ত করেছেন তা বুঝিয়ে লেখো। ১০

অথবা

- (খ) রাজশেখর বসু অপবিজ্ঞান বলতে কী বোঝাতে চেয়েছেন তা তোমার পঠিত 'অপবিজ্ঞান' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

- ৭। (ক) রবীন্দ্রনাথ ঠাকুরের 'ক্ষণিকা' কাব্যগ্রন্থের 'একটি মাত্র' কবিতাটির অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

অথবা

- (খ) 'রজনী' উপন্যাসে প্রতিফলিত সমাজজীবনের পরিচয় দাও।

★ ★ ★